



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি./ফা.পা-১.প/২০১৬/ ১৫৭১

তারিখ : ১৬-১২-২০১৬

প্রাপক :

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

সকল কেন্দ্র, ফাজিল পাস।

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ফাজিল পাস ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর পরীক্ষার উত্তরপত্র, প্রবেশপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণের লক্ষ্যে প্রতিনিধি প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ফাজিল পাস ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ আগামী ২২-০১-২০১৭ তারিখ হতে শুরু হবে। এ উপলক্ষ্যে নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থান অনুযায়ী পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিতরণ করা হবে।

বিভাগ	বিতরণের তারিখ ও সময়	স্থান
রাজশাহী ও খুলনা বিভাগ	০২-০১-২০১৭ খ্রি। সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বাড়ি নং ৪৪, রোড নং-১২/এ (শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র) ধানমন্ডি, ঢাকা-১২০৯।
চট্টগ্রাম ও সিলেট বিভাগ	০৩-০১-২০১৭ খ্রি। সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	
রংপুর ও বরিশাল বিভাগ	০৪-০১-২০১৭ খ্রি। সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	
ঢাকা বিভাগ	০৫-০১-২০১৭ খ্রি। সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	

অতএব, উপর্যুক্ত বিভাগ ও তারিখে আপনার কেন্দ্রের পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীর প্রবেশপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে গ্রহণ করার নিমিত্তে সত্যায়িত নমুনা স্বাক্ষরসহ এক কপি প্রত্যয়নপত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ দুই দিনের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসাসমূহের অধ্যক্ষের নিকট প্রবেশপত্র বিতরণ করবেন।

এ বিষয়ে সংশ্লিষ্ট মাদরাসার ৩/৫ জন শিক্ষক সদস্য বিশিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটি গঠন পূর্বক জেলা প্রশাসকের সুপারিশসহ উত্তরপত্র, পরীক্ষার্থীদের প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি গ্রহণের সময় পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে উক্ত কমিটির কাগজ জমা দিতে হবে।

উল্লেখ্য যে, উত্তরপত্র, প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থান হতে তাংক্ষণিক বুঝো এবং মিলিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হল। এ বিষয়ে পরে অসঙ্গতি পরিলক্ষিত হলে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না এবং পরীক্ষা শেষে অতিরিক্ত উত্তরপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিশ্ববিদ্যালয়ে তালিকা অনুযায়ী প্রেরণ করতে হবে।

[বিঃ দ্রঃ উত্তরপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধিগণ নিজে পরিবহন ব্যবস্থা করবেন।]

১৫.১২.১৬

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

মোবাইল নম্বর ০১৭০৫৪০৮০০২, ০১৭০৯৩৮৯০০৬

ই-মেইল : iau.exam@gmail.com

তারিখ :

স্মারক নং- ইআবি/পনি./ফা.পা-১.প/২০১৬/

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অর্থ ও হিসাব বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রচার করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। অফিস নথি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

মোবাইল ০১৭০৫৪০৮০০৮